

সরকারী শিপিং অফিস
চট্টগ্রাম।
ডায়েরী নং ১০১২৫
তারিখ ১৭.০২.১৯
স্বাক্ষর.....

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
জাহাজ শাখা
www.mos.gov.bd

নং-১৮.০০.০০০০.০২৪.০৬.০০১.১৯-৬২২

তারিখ : ২৩ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ।
০৮ ডিসেম্বর, ২০১৯ খ্রি:।

প্রজ্ঞাপন

নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে ৩০-০৯-২০১৯ খ্রিঃ তারিখে নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর এর সার্বিক উন্নয়ন, আর্থিক ও প্রশাসনিক বিষয়ে অনুষ্ঠিত সভার ৪নং সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ মার্চেন্ট শিপিং অধ্যাদেশ, ১৯৮৩ এর ১২(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নে বর্ণিত সদস্যবর্গের সমন্বয়ে “নাবিক কল্যাণ বোর্ড” পুনঃগঠন করা হ’লঃ

উপঃ শিঃ মাস্টার.....

সহঃ শিঃ মাস্টার.....

শিঃ বিঃ কঃ.....

অফিস সচিব.....

হিসাব রক্ষক.....

শিপিং শাখা.....

রোস্টার শাখা.....


সি ডি শাখা.....

পি-এ টু শিঃ মাস্টার.....

১.	অতিরিক্ত সচিব (সংস্থা), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা	সভাপতি
২.	মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর বা একজন প্রতিনিধি	সদস্য
৩.	যুগ্মসচিব/উপসচিব (জাহাজ), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা	সদস্য
৪.	ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম এর একজন প্রতিনিধি	সদস্য
৫.	শিপিং মাস্টার, সরকারী সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রাম	সদস্য
৬.	সহকারী পরিচালক/উপপরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম	সদস্য
৭.	সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সীম্যান্স এসোসিয়েশন, চট্টগ্রাম	সদস্য
৮.	সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সীফার্স ইউনিয়ন, চট্টগ্রাম	সদস্য
৯.	সভাপতি/সাধারণ সম্পাদক, বিএসসি সীম্যান্স এসোসিয়েশন, চট্টগ্রাম	সদস্য
১০.	সভাপতি, বাংলাদেশ সমুদ্রগামী জাহাজ মালিক সমিতি, ঢাকা	সদস্য
১১.	বিদেশি জাহাজ মালিক সমিতি (আইএমইসি) এর একজন প্রতিনিধি	সদস্য
১২.	বাংলাদেশ নাবিক রিক্রুটিং এজেন্ট এসোসিয়েশন এর একজন প্রতিনিধি	সদস্য
১৩.	বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স এসোসিয়েশন এর একজন প্রতিনিধি	সদস্য
১৪.	ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স হক এন্ড সন্স লিঃ, চট্টগ্রাম	সদস্য
১৫.	পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম	সদস্য সচিব

- ২। বোর্ডের কার্যপরিধিঃ যে সকল নাবিক তীরে অথবা জাহাজে নিয়োজিত আছে তাদের কল্যাণ সাধনে এবং বিশেষ করে নিম্নলিখিত বিষয়ে নাবিকদের কিভাবে উন্নতি সাধন করা যায় সে বিষয়ে বোর্ড সরকারকে পদক্ষেপ গ্রহণে পরামর্শ ও সুপারিশ প্রদান করবেঃ-
 - (ক) নাবিকদের ভবিষ্যত তহবিল বিধান;
 - (খ) নাবিকদের জন্য হোস্টেল নির্মাণ;
 - (গ) নাবিকদের জন্য ক্লাব, ইন্টারন্যাশনাল ড্রপ-ইন সেন্টার, কম্পিউটার ল্যাব, কেন্দ্র, লাইব্রেরী ও অন্যান্য সুযোগ সুবিধা স্থাপন;
 - (ঘ) নাবিকদের জন্য হাসপাতাল/মেডিকেল ইউনিট/প্যাথলজি সেন্টার/ডায়াগনস্টিক সেন্টার স্থাপন অথবা ডাক্তারী চিকিৎসা বিধানসহ যে কোন উন্নয়ন স্কীম গ্রহণ বা চলমান কার্যক্রম পরিচালনা সুপারিশ প্রদান;
 - (ঙ) নাবিক ও নাবিক সন্তানদের জন্য শিক্ষা সহায়তা এবং অন্যান্য সুবিধাদি;
 - (চ) জাহাজে চাকুরীরত নাবিকদের পরিবার পরিজনকে সামাজিক নিরাপত্তা বিধানে সহযোগিতা প্রদান;
 - (ছ) নাবিকদের কল্যাণে বিভিন্ন তহবিল পরিচালনায় সুপারিশ প্রদান;
 - (জ) বিদেশের বন্দরে আটকে পড়া নাবিকদের দেশে প্রত্যাভাসনে সহযোগিতা প্রদান;
 - (ঝ) সময়ের নিরিখে নাবিকদের কল্যাণ সাধনে যথাযথ ব্যবস্থা গ্রহণ ও সুপারিশ করা।
- ৩। প্রজ্ঞাপন জারীর তারিখ হতে এ আদেশ কার্যকর হবে।
- ৪। সভাপতির অনুমোদনক্রমে বোর্ড নিয়মিত ভাবে ০৪ মাস অন্তর অন্তর বোর্ড সভা আহ্বান করবেন।
- ৫। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(এ.টি.এম. আজহারুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৪৫৬১৭।

Proggapon(7)